

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প (১ম সংশোধিত)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা- ১২১৫।

স্মারক নং- ৩৩.০১.০০০০.৮৩৯.০৭.০০৪.২১-৮২

তারিখঃ ১৭-০৯-২০২৫ খ্রি.

বিষয়ঃ পতিত জমিতে উন্নত জাতের ঘাস চাষের তথ্য প্রেরণ প্রসংগে।

সূত্রঃ ১৫-০৯-২০২৫ খ্রি. তারিখে অনুষ্ঠিত ১৬ তম পিআইসি সভার সিদ্ধান্ত মোতাবেক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তরে চলমান “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের মাধ্যমে ২০২১-২২ অর্থবছর হতে উন্নত জাতের ঘাস চাষ জনপ্রিয়করণের লক্ষ্যে দেশব্যাপী কার্যক্রম পরিচালনা করে আসছে। জেলা ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাদের তত্ত্বাবধানে প্রকল্পের মাধ্যমে উন্নত জাতের ঘাস চাষের জন্য খামারীদের উৎসাহিত করার লক্ষ্যে খামারী প্রশিক্ষণ, প্রনোদনা প্রদান, খামারীদের বাড়ীতে গিয়ে প্রযুক্তি হস্তান্তর কার্যক্রম সম্পাদন, সিইএগণের মাধ্যমে খামারীদের দোরগোড়ায় উন্নতজাতের ঘাস চাষ কৌশল ও প্রযুক্তি হস্তান্তর সেবা পৌঁছে দেয়ার মাধ্যমে দেশ ব্যাপী উন্নত জাতের ঘাস চাষ ব্যাপক হারে সম্প্রসারিত হয়েছে। প্রাণিসম্পদ অধিদপ্তর ও প্রকল্পের মাধ্যমে নানাবিধ কার্যক্রম বাস্তবায়নের ফলে সারাদেশে পতিত জমিতে ঘাস চাষ অধিক মাত্রায় বৃদ্ধি পেয়েছে।

এমতাবস্থায়, পিআইসি কমিটির সিদ্ধান্তের আলোকে আপনার উপজেলায় পতিত জমিতে ঘাস চাষ সম্প্রসারণের তথ্যাদি নিম্নোক্ত ছক মোতাবেক আগামী ২০-১০-২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	ঘাস চাষকৃত পতিত জমির বিবরণ	পরিমাণ (শতাংশ)	ঘাসের বাজার সংখ্যা		সংশ্লিষ্ট উপজেলার বাজারগুলোতে প্রতিদিন ঘাস বিক্রির পরিমাণ (কেজি)।
			স্থায়ী	অস্থায়ী	
১।	বাড়ীর আঙ্গিনা ও কৃষি কাজে অব্যবহৃত জমি				
২।	রাস্তার ঢাল				
৩।	রেল লাইনের পাড়				
৪।	পুকুর পাড়				
৫।	কৃষি কাজে ব্যবহার হয় না এমন জলাশয়				
৬।	বিভিন্ন ফলজ/বনজ বাগানে চাষকৃত জমির পরিমাণ				
৭	অন্যান্য পতিত জমি (যদি থাকে)				
	মোট=				


১৭/০৯/২০২৫
(মোঃ আমজাদ হোসেন ভূঞা)
প্রকল্প পরিচালক

প্রাপক,
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (৪৭৫ জন)।

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ
সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প (১ম সংশোধিত)
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
Email: andfcdls@gmail.com
মোবাইল নং- ০১৭০৯৮২৭৪০২।

সদয় অবগতি ও কার্যার্থে জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) অনুলিপি প্রেরণ করা হ'লঃ

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। পরিচালক, সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (৬৪ জন)
- ৫। আইসিটি কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৬। অফিস কপি।